চিতলমারীর সাংবাদিক অরুণের স্ত্রীকে চিকিৎসায় রাষ্ট্রপতির সহায়তা

বাগেরহাটের চিতলমারী উপজেলার সাংবাদিক অরুণ সরকারের স্ত্রী বাসন্তি সরকারের চিকিৎসার জন্য রাষ্ট্রপতির পক্ষ হতে ৩০ হাজার টাকা দেয়া হয়েছে। বাসন্তি সরকার ব্রেস্ট ক্যান্সারে আক্রান্ত হয়েছেন। তিনি ভারতের নেতাজী সুভাষ চন্দ্র ক্যান্সার হাসপাতালে চিকিৎসা করাচ্ছেন বলে জানান। তার চিকিৎসার জন্য প্রচুর টাকা প্রয়োজন। রাষ্ট্রপতির পক্ষ হতে এই টাকা পেয়ে তিনি সরকারের প্রতি কৃতজ্ঞতা জানিয়েছেন।
রবিবার দুপুর ১২টার দিকে রাষ্ট্রপতির পক্ষ হতে ৩০ হাজার টাকার চেক হস্তান্তর করেন চিতলমারী উপজেলা পরিষদের চেয়ারম্যান অশোক কুমার বড়াল। উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়ে বসে চেক হস্তারকালে উপজেলা নির্বাহী কর্মকর্তার অফিস সহকারী জগন্নাথ বিষ্ণু, সাংবাদিক অরুণ সরকারসহ গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। অরুণ সরকার দৈনিক আজকের কাগজের সাবেক উপজেলা প্রতিনিধি । সাংবাদিক অরুণ সরকার তার স্ত্রীর চিকিৎসার জন্য সকলের আশির্বাদ, দোয়া ও আর্থিক সাহায্য প্রার্থণা করেছেন।